# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৩৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

## আরবী

وَعَنْ أَنسٍ قَالَ : قَالَ رَسُول الله ﷺ إِذَا أَرَادَ الله بِعَبْدِهِ الخَيرَ عَجَّلَ لَهُ العُقُوبَةَ في الدُّنْيا وَإِذَا أَرَادَ اللهُ بِعَبدِهِ الشَّرَّ أَمْسَكَ عَنْهُ بِذَنْبِهِ حَتَّى يُوَافِيَ بِهِ يومَ القِيَامَةِ وَقال النَّبيُّ ﷺ إنَّ عِظَمَ الجَزَاءِ مَعَ عِظَمِ البَلاَءِ وَإنَّ اللهَ تَعَالَى إِذَا أَحَبَّ قَوْماً ابْتَلاَهُمْ فَمَنْ رَضِيَ فَلَهُ الرِّضا وَمَنْ سَخِطَ فَلَهُ السُّخْطُ رواه الترمذي وَقالَ حديث حسن

## বাংলা

(৩৫৩৩) আনাস (রাঃ) থেকে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন আল্লাহ তাঁর বান্দার মঙ্গল চান, তখন তিনি তাকে তাড়াতাড়ি দুনিয়াতে (পাপের) শাস্তি দিয়ে দেন। আর যখন আল্লাহ তাঁর বান্দার অমঙ্গল চান, তখন তিনি তাকে (শাস্তিদানে) বিরত থাকেন। পরিশেষে কিয়ামতের দিন তাকে পুরোপুরি শাস্তি দেবেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন, বড় পরীক্ষার বড় প্রতিদান রয়েছে। আল্লাহ তাআলা যখন কোন জাতিকে ভালবাসেন, তখন তার পরীক্ষা নেন। ফলে তাতে যে সন্তুষ্ট (ধৈর্য) প্রকাশ করবে, তার জন্য (আল্লাহর) সন্তুষ্টি রয়েছে। আর যে (আল্লাহর পরীক্ষায়) অসন্তুষ্ট হবে, তার জন্য রয়েছে আল্লাহর অসন্তুষ্টি।

## ফুটনোট

(তিরমিযী ২৩৯৬, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67281

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন